গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়
রংপুর বিভাগ,রংপুর।
(সাধারণ শাখা)
www.rangpurdiv.gov.bd

বিষয়: সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholder) অংশগ্রহণে অনুষ্ঠিত ২০২২-২৩ অর্থবছরের ২য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ সাবিরুল ইসলাম<br>বিভাগীয় কমিশনার, রংপুর। |
| তারিখ | : | ১৯.১২.২০২২ খ্রিঃ। |
| সময় | : | বেলা ০১.৩০ ঘটিকা। |
| স্থান | : | বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর এর সম্মেলন কক্ষ। |

সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বলেন, সরকারী কর্মচারীগণ জনগণের সেবক। সেবা প্রত্যাশীরা যেন কোন হয়রানীর স্বীকার না হয় এবং যথাযথ সেবা পায় সে বিষয়ে নিশ্চিত করার জন্য অনুরোধ করা হয়। তিনি বলেন, সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে জবাবদিহিতামূলক সেবা প্রদান নিশ্চিত করা প্রয়োজন। তিনি আরও বলেন, সরকার সুশাসন ও জবাবদিহিতামূলক সেবা নিশ্চিত করার লক্ষ্যে সকল সরকারী দপ্তরকে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর আওতায় এনেছে। তিনি সিটিজেন চার্টার দৃশ্যমান করা, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা, তথ্য অধিকার আইন বাস্তবায়ন, ইনোভেশন ও জাতীয় শুদ্ধাচার কৌশল যথাযথ বাস্তবায়নের জন্য অনুরোধ করেন।

সভায় আলোচনা হয় যে, সেবা সহজীকরণ ও জনসেবা নিশ্চিত করার লক্ষ্যে সকল সেবা অনলাইন সিস্টেমের আওয়তায় আনা প্রয়োজন। এছাড়াও স্ব স্ব দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি দৃশ্যমান করা। অধিকার আইন, ২০০৯ অনুসারে প্রকাশযোগ্য তথ্য ওয়েব পোর্টালে আপলোড করা ও ওয়েব পোর্টাল হালনাগাদকরণ। বিভিন্ন দপ্তরের চালুকৃত হেল্প লাইন নম্বর সকলকে জানানোর ব্যবস্থা করা দরকার। সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত সরকারের গৃহীত কর্মসূচীগুলো যথাযথ ও নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন আবশ্যক মর্মে সকল সদস্য সভায় গুরুত্ব প্রকাশ করেন। সভায় উপস্থিত সদস্যগণ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত গৃহীত বিভিন্ন কার্যক্রম সম্পর্কে সভায় অবহিত করেন। অতঃপর সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রঃ নং | বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | সেবা সহজীকরণ: | ১। সেবা প্রদানে অনলাইন সিস্টেমের ব্যবহার বাড়ানো ও পর্যায়ক্রমে সকল সেবা অনলাইনে প্রদানের পদক্ষেপ গ্রহন করতে হবে। অধিনস্ত অফিসমূহকে এ বিষয়ে নির্দেশনা প্রদান করতে হবে।<br><br>২। বিভিন্ন দপ্তরের চালুকৃত হেল্প লাইন নম্বর সকলকে জানানোর ব্যবস্থা করতে হবে। | জেলা প্রশাসক (সকল), রংপুর বিভাগ।<br><br>জেলা প্রশাসক (সকল), রংপুর বিভাগ।<br>/ উপজেলা নির্বাহী অফিসার (সকল), রংপুর বিভাগ। |
| ০২ | সেবাপ্রদান প্রতিশ্রুতি প্রণয়ন ও বাস্তবায়ন | ১। সেবাপ্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) প্রণয়নপূর্বক স্ব স্ব কার্যালয়ের দৃশ্যমান স্থানে প্রদর্শনের ব্যবস্থা করতে হবে। অধীনস্ত সংশ্লিষ্ট সকল অফিসমূহকে এ বিষয়ে নির্দেশনা প্রদান করতে হবে।<br><br>২। সিটিজেন চার্টার প্রনয়ন ও হালনাগাদ সংক্রান্ত তথ্য ওয়েব পোর্টালে আপলোড করতে হবে। অধীনস্ত সংশ্লিষ্ট সকল অফিসমূহকে এ বিষয়ে নির্দেশনা প্রদান করতে হবে। | জেলা প্রশাসক (সকল)/উপজেলা নির্বাহী অফিসার (সকল), রংপুর বিভাগ।<br><br>জেলা প্রশাসক (সকল)/ ভারপ্রাপ্ত কর্মকর্তা(আইসিটি শাখা)/ভারপ্রাপ্ত কর্মকর্তা |
| ০৩ | দপ্তর/সংস্থার উত্তম চর্চাসমূহ বাস্তবায়ন: | সকল দপ্তর/সংস্থার উত্তম চর্চাসমূহ যথাযথ বাস্তবায়ন করতে হবে। | জেলা প্রশাসক (সকল), রংপুর বিভাগ।/উপজেলা নির্বাহী অফিসার (সকল), রংপুর বিভাগ। |
| ০৪ | স্ব স্ব দপ্তরে শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন: | স্ব স্ব দপ্তরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর যথাযথ বাস্তবায়ন করতে হবে। বাস্তবায়ন প্রতিবেদন ত্রৈমাসিক ভিত্তিতে দাখিল করতে হবে। সফলভাবে বাস্তবায়নের ক্ষেত্রে এ কার্যালয়ের কোন সহযোগিতা প্রয়োজন হলে তা করা হবে। | জেলা প্রশাসক (সকল), রংপুর বিভাগ, রংপুর।/ভারপ্রাপ্ত কর্মকর্তা(সকল শাখা), বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর। |

| | | | |
|---|---|---|---|
| ০৫ | তথ্য অধিকার আইন, ২০০৯ বাস্তবায়ন: | ১। তথ্য অধিকার আইন, ২০০৯ সম্পর্কে জনগণকে জানানোর ব্যবস্থা করতে হবে।<br><br>২। তথ্য অধিকার আইন, ২০০৯ মোতাবেক স্ব স্ব দপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও আপিলকারী কর্তৃপক্ষের তথ্য হালনাগাদ করতে হবে এবং ওয়েবপোর্টালে আপলোড করতে হবে। | জেলা প্রশাসক (সকল)/ তথ্য প্রদানকারী কর্মকর্তা/আপীল কর্মকর্তা |
| ০৬ | তথ্য বাতায়ন হালনাগাদকরণ | প্রত্যেক দপ্তর তাদের ওয়েব পোর্টাল হালনাগাদ করবেন। | দপ্তর প্রধান (সকল) |

পরিশেষে সভাপতি সুশাসন প্রতিষ্ঠা ও দুর্নীতি প্রতিরোধে সকল দপ্তরে শুদ্ধাচার চর্চায় সকলকে সচেষ্ট হওয়ার আহ্বান জানান। সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ সাবিরুল ইসলাম
বিভাগীয় কমিশনার
রংপুর বিভাগ, রংপুর।
ফোনঃ ০২৫৮-৮৮১২০০১ (অফিস)
ই-মেইল divcomrangpur@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়
রংপুর বিভাগ,রংপুর।
(সাধারণ শাখা)
www.rangpurdiv.gov.bd

স্মারক নং- ০৫.৪৭.০০০০.০০৫.০৬.০০৬.২০২২. ৯৫৬ (৩৬)

তারিখ: ১৪ পৌষ, ১৪২৯ বঙ্গাব্দ
২৯ ডিসেম্বর, ২০২২ খ্রিষ্টাব্দ।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক)/(রাজস্ব), রংপুর বিভাগ, রংপুর।
৪। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
৫। পরিচালক (স্বাস্থ্য), রংপুর বিভাগ, রংপুর।
৬। জেলা প্রশাসক, ......................................(সকল), রংপুর বিভাগ, রংপুর।
৭। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, পঞ্চগড়/ ঠাকুরগাঁও/ দিনাজপুর/ নীলফামারী/ লালমনিরহাট/ রংপুর/ কুড়িগ্রাম/ গাইবান্ধা।
৮। প্রধান নির্বাহী কর্মকর্তা, সিটি কর্পোরেশন, রংপুর।
৯। জোনাল সেটেলমেন্ট অফিসার, রংপুর।
১০। পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, রংপুর।
১১। পরিচালক, পরিবেশ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, রংপুর।
১২। প্রধান প্রকৌশলী, উত্তরাঞ্চল, পানি উন্নয়ন বোর্ড, রংপুর।
১৩। প্রধান প্রকৌশলী, নেসকো (বিদ্যুৎ উন্নয়ন বোর্ড), রংপুর।
১৪। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রংপুর অঞ্চল।
১৫। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, দিনাজপুর অঞ্চল।
১৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
১৭। কর কমিশনার, কর অঞ্চল, রংপুর।
১৮। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রংপুর বিভাগ, রংপুর।
১৯। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, রংপুর।
২০। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত সার্কেল, রংপুর।
২১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, রংপুর।
২২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রংপুর।
২৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, এলজিইডি, রংপুর।
২৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ক্ষুদ্রসেচ), বিএডিসি, রংপুর সার্কেল, রংপুর।
২৫। পরিচালক,পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৬, IMED, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
২৬। পরিচালক, বিভাগীয় তথ্য অফিস, রংপুর।
২৭। পরিচালক, প্রাণিসম্পদ দপ্তর, রংপুর বিভাগ, রংপুর।
২৮। উপ-পরিচালক, মৎস্য অধিদপ্তর, রংপুর বিভাগ, রংপুর।
২৯। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর।
৩০। উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, রংপুর।
৩১। উপ-পরিচালক, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, বিভাগীয় কার্যালয় রংপুর {টার্মিনাল রোড, রোড নং- ১, বাড়ি নং- ২৭০ (৪র্থ তলা), পূর্বগণেশপুর, রংপুর}।
৩২। উপ-পরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, রংপুর বিভাগীয় কার্যালয়, রংপুর।
৩৩। উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, রংপুর।
৩৪। বিভাগীয় বন কর্মকর্তা, রংপুর।
৩৫। জেনারেল ম্যানেজার, রংপুর টেলিযোগাযোগ অঞ্চল, বিটিসিএল, রংপুর।
৩৬। জনাব..................................................................।

Rahul Chanda
২৯/১২/2022

রাহুল চন্দ
সিনিয়র সহকারী কমিশনার
রংপুর বিভাগ, রংপুর।
ফোনঃ ০২৫৮-৮৮১২০০৮ (অফিস)
ই-মেইল: acgendivcomrangpur@mopa.gov.bd